বণিক বার্তা
Date:05-09-2014 Page 02 Col 1-2 Size: 10 Col*Inc

## সেমিনারে ইইউডির মিনিস্টার কাউন্সিলর

# বাংলাদেশ থেকে ইইউ পোশাক আমদানি কমাবে না

নিজস্ব প্রতিবেদক ■

দ্য ইউরোপীয় ইউনিয়ন অব ডেফের (ইইউডি) মিনিস্টার কাউন্সিলর ফ্রেডেরিক মাদুরাউড বলেছেন, রানা প্লাজা দুর্ঘটনার পর বাংলাদেশের তৈরি পোশাক খাতে ব্যাপক সংস্কার হয়েছে। গত এক বছরে পোশাক খাত ভালো অবস্থায় এসেছে। তবে সাম্প্রতিক তোবা গ্রুপের অস্থিরতার খবর ইউরোপের ক্রেতাদের কাছে পৌঁছেছে। প্রতিষ্ঠানটিতে কেন অনশন হচ্ছে, সে সম্পর্কে তারা সঠিকভাবে অবগত নয়। বাংলাদেশ থেকে ইইউ পোশাক আমদানি কমাবে না। এ দেশের পোশাক খাতের পাশে আছে ইইউ এবং ভবিষ্যতেরও থাকবে।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'ইউরোপীয় ইউনিয়নে সংশোধিত জিএসপি : বাংলাদেশের করণীয়' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন।

বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিটউটের (বিএফটিআই) প্রধান নির্বাহী ড. মুজিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান ও জ্বালানি বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী, বাণিজ্য সচিব হেদায়াতুল্লাহ আল মামুন, সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, বিজিএমইএ সভাপতি আতিকুল ইসলাম, বিকেএমইএ সহসভাপতি মোহাম্মদ হাতেম, ইইউর বাণিজ্য উপদেষ্টা জিল্লুর হাই রাজি প্রমুখ। সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএফটিআইর পরিচালক ড. মোস্তাফা আবিদ খান।

মোস্তাফা আবিদ তার প্রবন্ধে বলেন, ইইউর জিসএপিতে মূল কাঠামোয় কোনো পরিবর্তন হয়নি। তবে এ সুবিধা পাওয়া দেশের সংখ্যা কমে ৮৮টি হয়েছে এবং জিএসপি প্লাস পাওয়ার যোগ্যতায় পরিবর্তন করায় সুযোগ তৈরি হয়েছে। এতে ৩৫টি দেশ সুবিধা পেয়েছে। ২০১৪ সালের ১৩টি জিএসপি প্লাস সুবিধা পাওয়া দেশের মধ্যে পাকিস্তানের পণ্যের সঙ্গে বাংলাদেশের মিল রয়েছে। ফলে পাকিস্তানের সঙ্গে রফতানি প্রতিযোগিতার চাপে পড়ছে বাংলাদেশ।

সেমিনারে বক্তারা বলেন, ইইউর বাজারে তৈরি পোশাকসহ অন্য খাতে রফতানি বাড়াতে অবকাঠামো উন্নয়নে জোর দেয়া উচিত। ইউরোপের জিএসপি সুবিধায় বাংলাদেশের বাজারকে আরো শক্তিশালী করতে শিল্প খাতে প্রযুক্তিগত উন্নয়নের পাশাপাশি শ্রমিকের দক্ষতা প্রয়োজন।

The Daily Star
Date:05-09-2014 Page 21, Col 1-5 Size: 30 col*inc

# Pakistan's trade privileges won't hurt Bangladesh's exports to EU: study

STAR BUSINESS REPORT

Pakistan's gain of GSP Plus status from the EU authorities will not hurt Bangladesh's exports to the EU because of the diversified products Bangladesh has, a study found.

The European parliament last year approved the Single Delegated Act under which 10 countries, including Pakistan, were allowed into the generalised system of preferences plus (GSP Plus) scheme.

The decision of the EU, the main export destination of Bangladesh, came into effect from January 1 this year.

Pakistan was awarded the GSP plus status despite being a developing country due to a massive flood which killed several hundred people and damaged huge crop lands in 2010.

It was feared that Bangladesh will lose a large chunk of its EU market share due to Pakistan's gain on GSP facility as both are strong competitors in the EU apparel market.

Bangladesh has been enjoying duty- and quota-free status to the EU since the inception of the trade privilege by the EU in 1971.

Bangladesh will not suffer any major impact on its EU garment exports in spite of Pakistan's GSP Plus status, Mostafa Abid Khan, director of Bangladesh Foreign Trade Institute (BFTI), said in his research paper: Revised GSP scheme of the EU: implications for Bangladesh.

Abid presented his paper at a seminar organised by the BFTI at Cirdap auditorium in Dhaka yesterday. Pakistan's export to the EU is likely to increase by $1 billion a year, however, majority of the increase will be from trade creation, he said in the paper.

There is also a possibility of trade diversion from China, India, Bangladesh and Turkey as well, due to allotment of zero-duty benefit for 75 specified Pakistani products exported to the EU, he said.

However, trade diversion effect for all countries, including Bangladesh, is statistically insignificant, he said.

Trade diversion from Bangladesh may take place in t-shirts, jerseys, pullovers, cardigans, waistcoats and other men's or boys' suits of cotton, women or girls' suits, bedding material of cotton and artificial fibre.

"The tragedies in the garment sector exposed the weakness of Bangladesh. But the compliance issues in the Bangladesh improved radically this year compared to previous years," Frederic Maduraud, minister counsellor of EUD Bangladesh, said at the seminar.

He said this year the workers of Tuba Group were paid with proceeds from sale of the group-owner's land, and the garment makers managed a good amount of fund for paying the workers.

Still, Bangladesh needs to improve a lot to fulfil the conditions agreed in the Sustainability Compact, signed between Bangladesh and the EU involving the International Labour Organisation in Geneva in July 8 last year, he said.

"EU wants to remain engaged with Bangladesh. But, Bangladesh needs to improve workplace safety."

"After the inspection of almost all garment factories in Bangladesh, less than 2 percent were found vulnerable, which indicates that Bangladesh is a safe place for garment business," said Atiqul Islam, president of Bangladesh Garment Manufacturers and Exporters Association, the garment makers' apex platform.

Mustafizur Rahman, executive director of the Centre for Policy Dialogue, suggested export diversification to the EU market, as Bangladesh has the potential to export of other products to the same market.

Bangladesh could export bicycles to the EU market that is worth $1 billion annually, said Zillul Hye Razi, EU trade adviser.

"We cannot amend the rules of the EU, but we can change us so that we can enjoy the duty benefits," said Mashiur Rahman, the prime minister's economic affairs adviser.

People thought that Bangladesh will lose its garment business after the elimination of multifibre arrangement in January 1, 2005, but that did not happen, Rahman said.

Rather export from Bangladesh has been increasing since then, he said.

Dhaka Tribune
Date: 05-09-2014 Page 17, Col 3-6 Size: 40 Col*Inc

# 'Diversification will make exports competitive'

Tribune Report

Speakers at a seminar yesterday urged Bangladeshi exporters to focus on product diversification and add more value to their products for being competitive on the global market, particularly in Europe.

"It is the high time for us to explore new opportunities in our foreign trade," Dr Mashiur Rahman, Prime Minister's Economic Affairs Adviser, said.

He emphasised the need of creating access to knowledge and technology to diversify products so the exports can sustain in global competition.

He was addressing the seminar on "Revised GSP Scheme of European Union: Implications for Bangladesh" at CIRDAP auditorium in Dhaka. Bangladesh Foreign Trade Institute (BFTI) organised the event.

Bangladesh depends on garment industry for 80% of its export earnings, but the industry, according to Minister-Counsel of EU delegation, is "still far behind to set working condition."

Economists, analysts, entrepreneurs and business leaders spoke on the occasion.

They said the revised scheme may not affect Bangladesh's export, especially in the ready-made garment (RMG) sector but in the long run the competitors like Pakistan may grab the EU market share of Bangladesh by enhancing capacity.

BFTI director Dr Mostafa Abid Khan presented the keynote paper.

During January-May, Bangladesh witnessed an 11% rise in exports to EU while Pakistan's exports grew 17% to the market, a BFTI analysis found using figures of some certain products.

While Pakistan's home textile export grew 27%, Bangladesh saw 3% fall.

Centre for Policy Dialogue Executive Director Mustafizur Rahman also called for diversification of and value addition to export goods to challenges in the international market.

Prime Minister's Power and Energy Adviser Tawfiq-e-Elahi Chowdhury put stress on trade facilitation and use of knowledge and technology.

According to BGMEA president Atiqul Islam, Pakistan is more competitive than Bangladesh in the sector of woven products export.

He said: "Pakistan is increasing their capacity and building economic zones to develop industries. They are already one step ahead of us. They can produce cotton and can offer less price to EU market than us."

Frédéric Maduraud, Minister-Counsellor, EU delegation in Bangladesh, however, criticised the Bangladeshi government's move as the country is yet to meet the pledges given to the EU.

The pledges include ensuring labour rights and corporate social responsibility.

Frédéric Maduraud cited the failure by the government to appoint 200 additional factory inspectors. "The appointment was supposed be completed by the end of 2013. But we know this has not been completed yet."

According to him, Bangladesh is "still far behind to set working condition in RMG sector."

About Tuba protests, the official said the use of forces in the workers' sit-in shocked the EU.

He said the EU parliament made the trade issues of Bangladesh on top of the priority list.

The EU companies might face legal challenges in court if they placed supply orders in Bangladeshi non-compliant factories, he said.

BFTI Chief Executive Officer Md Mozibur Rahman chaired the seminar while Additional Commerce Secretary Monoz Kumar Roy, trade adviser in EU delegation Zillul Hye Razi and BKMEA first Vice President Mohammad Hatem also addressed. ●

The Financial Express
Date: 05-09-2014 Page 17, Col 2-5 Size: 40 Col*Inc

# New EU GSP won't affect Bangladesh's exports

## *Small impact on RMG*

**FE Report**

Speakers at a seminar opined Thursday that new Generalised System of Preferences (GSP) of European Union (EU) will have a negligible impact on Bangladesh's export to the EU market except a little effect on readymade garments sector.

Presenting a keynote paper on the topic, Director of the Bangladesh Foreign Trade Institute (BFTI) Dr. Mostafa Abid Khan said Bangladesh has emerged as a new competitor in the EU market. The new GSP, introduced from January 01 this year, will affect RMG sector a little, but that is not a matter of concern.

The BFTI organised the seminar titled 'Revised GSP Scheme of European Union: Implications for Bangladesh' at CIRDAP auditorium in the city to release findings of a study, conducted by the BFTI on revised European Union GSP.

The study examines the major changes in the revised EU GSP scheme and their impact on Bangladesh's export by identifying the major competitors, using quantitative tools. The affected items of Bangladesh, as revealed in the study, are mainly knit and woven textile products.

In the short run, the revised scheme may not affect Bangladesh's export, especially in the RMG sector but in the long run, competitors like Pakistan may grab the EU market by enhancing its capacity.

The EU introduced new GSP from January 1 this year which is known as GSP Plus scheme. Two components of the EU's GSP are: Everything but Arms (EBA) for the least developed countries (LDCs) and the GSP Plus for developing countries.

Economic Affairs Advisor to Prime Minister Sheikh Hasina Dr Mashiur Rahman spoke as the chief guest at the seminar while Power, Energy and Mineral Resources Advisor Dr Tawfiq-e-Elahi Chowdhury was present as special guest.

Chief Executive Officer, BFTI Dr Md Mozibur Rahman chaired and moderated the seminar.

According to the BFTI study, Bangladesh's export to EU market during first five months (January-May) of this year increased by 11 per cent in comparison with the same period of last year while Pakistan's exports grew by 27 per cent for the same period. Besides, Bangladesh's export of oven and knit products to EU market witnessed less growth than Pakistan's export growth.

Dr. Mostafa Abid Khan found that Pakistan has used new EU GSP more effectively than Bangladesh.

"Pakistan will be the main competitor of Bangladesh in the EU market and our country may face pressure in the coming days," he said adding that home textile products will be the main victim of the new system.

The BFTI study says among the seven RMG exporting countries, Pakistan will benefit at the highest level.

Pakistan's export may rise to US $1 billion due to the new GSP. But 70 per cent of Pakistan's export will come from trade creation and rest 30 per cent from trade diversion," Dr. Mostafa Abid Khan said.

He said of this 30 per cent, Pakistan will gain from China, India, Turkey, Bangladesh and Sri Lanka's losing share from the new system.

The study said a negligible volume of trade diversion from Bangladesh may take place in case of products like T-shirt, jerseys, pullover, cardigans, waistcoats, men's or boys' suits of cotton, women or girls suits, bed lined of cotton, bed linen of man-made fibre, and bed linen.

The study says the GSP Plus scheme has created opportunity for 35 countries to avail the scope of exporting goods to the EU with tariff concession but Bangladesh may face competition in leather and home textile sectors.

Dr. Mashiur Rahman said there is no country in the world where 100 per cent factories are safe.

"According to Accord and Alliance examination result of RMG factories, only 2 per cent factories have been found unsafe," he said adding that this two per cent is very much acceptable.

He also urged all to work together to improve the working conditions in the country's RMG industry.

The Advisor said if Bangladesh wants to be empowered in global trade it should have more new sectors.

Dr Tawfiq-e-Elahi Chowdhury said Bangladesh now should look at the high-tech products along increasing productivity of quality industrial production.

Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) President Atiqul Islam said GSP facility in the EU market is very much important for the country's RMG industry.

He said the RMG sector had faced serious difficulty following Rana Plaza collapse and after-effects of the disaster.

He also blamed media propaganda for the RMG situation in the country and abroad.

Minister Counsellor of Head of Section at the EU mission in Dhaka Frédéric Maduraud expressed his satisfaction over various initiatives taken following the Rana Plaza disaster.

Talking about Toba Group, he said it is a big change that the owner of the factory had to sell his land to pay the due wages to the workers.

"The organisation took this initiative and paid wages to the workers, which is a very big positive change," he said.

CPD Executive Director Mustafizur Rahman said despite GSP facilities, Bangladesh's exports to the EU countries will rise more if political unrest does not continue.

A good quantity of orders may be shifted to other competitor countries due to production and supply disruption in Bangladesh for the disruptive political situation, he added.

First Vice President of the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA) Mohammad Hatem said as the EU is the key RMG market of Bangladeshi apparel products, the market has to be kept open for Bangladesh.

নয়া দিগন্ত
Date:05-09-2014 Page 15 Col 3-4 Size: 11 Col*Inc

# বাংলাদেশ থেকে পোশাক আমদানি কমাবে না ইইউ

● অর্থনৈতিক প্রতিবেদক

বাংলাদেশ থেকে তৈরী পোশাক আমদানি কমাবে না বলে জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। দ্য ইউরোপীয় ইউনিয়ন অব ডেফের (ইইউডি) মিনিস্টার কাউন্সিলর ফ্রেডেরিক মাদুরাউড গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত 'ইউরোপীয় ইউনিয়নে পরিবর্তিত জিএসপি : বাংলাদেশের করণীয়' শীর্ষক সেমিনারে এ ঘোষণা দেন।

ফ্রেডেরিক মাদুরাউড বলেন, রানা প্লাজা দুর্ঘটনার পর বাংলাদেশের পোশাক শিল্প কিছুটা দুর্বল হয়ে পড়েছিল। তবে দুর্ঘটনার পর এ খাতে ব্যাপক সংস্কার হয়েছে। বিশেষ করে শ্রমিকদের মজুরি বৃদ্ধি, কমপ্লায়েন্স ইস্যুতে কর্মপরিবেশ নিশ্চিতকরণ, শ্রম আইন সংশোধন এবং ট্রেড ইউনিয়ন গঠন। তবে ইউরোপীয় ইউনিয়ন দেশটির প্রধান রফতানিমুখী শিল্পকে গুরুত্বের সাথে বিবেচনা করেছে জানিয়ে তিনি বলেন, ইইউ এ দেশ থেকে পোশাক আমদানি কমাবে না।

বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউটের (বিএফটিআই) প্রধান নির্বাহী ড. মুজিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মশিউর রহমান ও জ্বালানি উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বাণিজ্য সচিব হেদায়াতুল্লাহ আল মামুন, সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান, বিজিএমইএ সভাপতি আতিকুল ইসলাম, বিকেএমইএর সহসভাপতি মোহাম্মদ হাতেম প্রমুখ সেমিনারে উপস্থিত ছিলেন। সেমিনারের মূল প্রবন্ধ পাঠ করেন বিএফটিআই পরিচালক ড. মোস্তাফা আবিদ খান।

ড. মশিউর রহমান বলেন, আমরা ইউরোপীয় ইউনিয়ন নিয়ন্ত্রণ করতে পারব না। তবে তাদের দেয়া সুযোগকে কাজে লাগিয়ে বাজার দখল করতে পারব। তিনি বলেন, বিশ্ববাজারে বাংলাদেশের আধিপত্য বাড়াতে হলে শিল্পায়নে নতুন খাতের সংযোগ করতে হবে। সেটা সম্ভব হবে জ্ঞান ও প্রযুক্তিগত উন্নতির মাধ্যমে। যদি জ্ঞান ও প্রযুক্তিগত উন্নতি ঘটানো সম্ভব হয়; তাহলে পণ্যের বহুমুখীকরণ আরো সহজ হবে।

ইইউ বাংলাদেশের পোশাক শিল্পের প্রধান গন্তব্যস্থল জানিয়ে বিজিএমইএ সভাপতি আতিকুল ইসলাম বলেন, সেখানে জিএসপি প্লাস পাওয়ার জন্য বিভিন্ন কৌশল ও রফতানির নানা বিষয় নিয়ে আলোচনা হয়েছে। তিনি বলেন, পোশাক শিল্প দেশীয় ও আন্তর্জাতিকভাবে ষড়যন্ত্রের শিকার হচ্ছে। তবে কমপ্লায়েন্স ইস্যুতে বিজিএমইএ জিরো টলারেন্স দেখাচ্ছে।

সেমিনারে বক্তারা ইইউর বাজারে পোশাকসহ অন্যান্য খাতে রফতানি বাড়াতে অবকাঠামোগত উন্নয়নের ওপর জোর দেন। ইউরোপের জিএসপি সুবিধায় বাংলাদেশের বাজারকে আরো শক্তিশালী করতে শিল্প খাতে প্রযুক্তিগত উন্নয়নের পাশাপাশি শ্রমিকের দক্ষতা, নিরাপত্তা, নতুন বাজার সৃষ্টি, পণ্যের বহুমুখীকরণসহ অবকাঠামো খাতের উন্নতি দরকার বলে মনে করেন তারা।

NEW AGE
Date:05-09-2014 Page 13, Col 3-8 Size: 36 Col*Inc

## LEATHER, HOME TEXTILES EXPORTS UNDER REVISED GSP IN EU

# Bangladesh faces tough Pak competitions

**Staff Correspondent**

BANGLADESH would face strong competitive pressure from Pakistan in exporting home textile and leather to the EU market due to the revised generalised system of preferences scheme of the European Union, experts said at a seminar on Thursday.

They, however, said that the revised GSP scheme created great opportunity for some other countries but their exports to the EU market were negligible and they could not affect Bangladesh.

The seminar titled 'Revised GSP Scheme of European Union: Implications for Bangladesh' was organised by the Bangladesh Foreign Trade Institute at the CIRDAP auditorium in the city.

The European Parliament has recently given GSP Plus to 10 countries including Pakistan under Single Delegated Act with an effect from January 1, 2014.

Following the decision of the EU, Bangladeshi manufacturers apprehended that Bangladesh would lose huge market share in the EU as Pakistan developed expertise on denim and home textile.

'For the revised preferential, Pakistan export to the EU is likely to increase by $1 billion though trade diversion from Bangladesh, China, India and Turkey and the diversion from Bangladesh may take place in T-shirt, jersey, pullover, cardigans and waistcoats,' BFTI director Mostafa Abid Khan said in the keynote paper.

Among the 13 GSP plus beneficiary countries, only Pakistan has export similarity with Bangladesh and the high rate of the utilisation of GSP confirmed that Bangladesh was likely to have competitive pressure from Pakistan in its major export products, he said.




Economic affairs adviser to the prime minister Mashiur Rahman, power, energy and mineral resources adviser to the prime minister Tawfiq-e-Elahi Chowdhury, European Commission minister counsellor Frederic Maduraud and Bangladesh Foreign Trade Institute director Mostafa Abid Khan are seen at a seminar organised by the BFTI at the CIRDAP auditorium in Dhaka on Thursday. New Age photo

Frederic Maduraud, minister counsellor of European Commission, said that Bangladesh fulfilled a number of commitments in the areas of workers rights, wages and factory compliance which were made after the Rana Plaza building collapse.

The EU will stay with Bangladesh and has extended its support to make the workplace safer in the readymade garment sector, he said.

Bangladesh improved a lot but the country needs to improve a lot to fulfil the conditions agreed in the Sustainability Compact, he said.

Mashiur Rahman, adviser to the prime minister, said that Bangladesh was going forward and all had to work together for the

Continued on B2

## B'desh faces

Continued from B1

sustainable export growth in the EU market.

He said that the workplace condition in the garment sector had been improved and only 2 per cent of the factories found risky.

There is no country in the world where 100 per cent of the factories are safe, Mashiur said.

Centre for Policy Dialogue executive director Mustafizur Rahman emphasised on the value addition of the products and said that the benefits of the GSP facilities would have to be utilised for industrialisation.

'We should also pay attention to the product diversification for full utilisation of the GSP facilities in the EU market,' he said.

Zillul Hye Razi, economic and information officer of the European Commission delegation, said that despite GSP facilities the rate of value addition of the product was lower in Bangladesh compared with other countries.

He suggested product diversification and promotion of the export of bicycle to the EU to boost export to the region.

অর্থনীতি প্রতিদিন

Date:05-09-2014 Page05 Col 2-5 Size: 25 Col*Inc

# ইউরোপে কমছে না গার্মেন্টস রফতানি : ইইউ

■ অর্থনীতি প্রতিবেদক

বাংলাদেশ থেকে তৈরি পোশাক আমদানি কমাবে না ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। এ তথ্য জানিয়েছেন ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের ভারপ্রাপ্ত ডেলিগেশন প্রধান ফ্রেডেরিক মাদুরাউড।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'ইউরোপীয় ইউনিয়নে পরিবর্তিত জিএসপি : বাংলাদেশের করণীয়' শীর্ষক এক সেমিনারে তিনি এ কথা জানান।

বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউটের (বিএফটিআই) প্রধান নির্বাহী ড. মুজিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মশিউর রহমান ও জ্বালানি উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী, বাণিজ্যসচিব হেদায়াতুল্লাহ আল মামুন, সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, বিজিএমইএ সভাপতি আতিকুল ইসলাম, বিকেএমইএ সহসভাপতি মোহাম্মদ হাতেম, মনোজ কুমার রায়, জিল্লুর হাই রাজি প্রমুখ।

সেমিনারের মূল প্রবন্ধ পাঠ করেন বিএফটিআইয়ের পরিচালক ড. মোস্তাফা আবিদ খান।

ফ্রেডেরিক মাদুরাউড বলেন, রানা প্লাজা দুর্ঘটনার পর বাংলাদেশের পোশাক শিল্প কিছুটা দুর্বল হয়ে পড়েছিল। তবে ইউরোপীয় ইউনিয়ন দেশটির প্রধান রফতানিমুখী শিল্পকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করেছে। নিরাপত্তার ক্ষেত্রে পদক্ষেপ নিয়েছে। ইইউ এ দেশ থেকে পোশাক আমদানি কমাবে না।

তিনি বলেন, রানা প্লাজা দুর্ঘটনার পর এই খাতে ব্যাপক সংস্কার হয়েছে। বিশেষ করে শ্রমিকদের মজুরি বৃদ্ধি, কমপ্লায়েন্স ইস্যুতে কর্মপরিবেশ নিশ্চিতকরণ, শ্রম আইন সংশোধন, ট্রেড ইউনিয়ন গঠন করা হয়েছে। তাই ইইউ দেশটির অর্থনৈতিক উন্নয়নে পাশে থাকতে চায়।




*সিরডাপ মিলনায়তনে বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউশন আয়োজিত সেমিনারে বক্তারা* **-অর্থনীতি প্রতিদিন**

ড. মশিউর রহমান বলেন, বিশ্ববাজারে বাংলাদেশি পণ্যের রফতানি বাড়াতে হলে শিল্পায়নে নতুন খাতের সংযোগ করতে হবে। সেটা সম্ভব হবে জ্ঞান ও প্রযুক্তিগত উন্নতির মাধ্যমে। যদি জ্ঞান ও প্রযুক্তিগত উন্নতি ঘটানো সম্ভব হয়; তাহলে পণ্যের বহুমুখীকরণ আরো সহজ হবে। তিনি বলেন, কারখানাগুলোতে শ্রমিকের দক্ষতা ও নিরাপত্তা বজায় থাকলে উদ্যোক্তারা আরো চাহিদাসম্পন্ন বাজারে প্রবেশ করতে পারবে। তিনি আরো বলেন, 'আমরা ইউরোপীয় ইউনিয়ন নিয়ন্ত্রণ করতে পারব না। তবে তাদের দেয়া সুযোগগুলোকে কাজে লাগিয়ে বাজার দখল করতে পারব।'

ড. তৌফিক-ই-ইলাহী বলেন, এখন দেশের হাজার হাজার তরুণ উদ্যোক্তা বৈশ্বিকভাবে ব্যবসায় নতুন বাজার সৃষ্টির কাজ করছে। এর মাধ্যমে পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ করা সম্ভব হচ্ছে, যা ইউরোপীয় বাজারের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

বিজিএমইএ সভাপতি আতিকুল ইসলাম বলেন, ইইউ বাংলাদেশের পোশাক শিল্পের প্রধান গন্তব্যস্থল। সেখানে জিএসপি প্লাস পাওয়ার জন্য বিভিন্ন কৌশল ও রফতানির নানা বিষয় নিয়ে আলোচনা হয়েছে। তিনি বলেন, পোশাক শিল্প দেশীয় ও আন্তর্জাতিকভাবে ষড়যন্ত্রের শিকার হচ্ছে। তবে কমপ্লায়েন্স ইস্যুতে বিজিএমইএ জিরো টলারেন্স দেখাচ্ছে।

বিকেএমইএ সহসভাপতি মোহাম্মদ হাতেম বলেন, ইইউ বাংলাদেশ পোশাকের প্রধান বাজার। পৃষ্ঠা ১১ কলাম ৮

## ইউরোপে কমছে

৫ পৃষ্ঠার পর

যেখান থেকে এই খাতের ৬০ দশমিক ২৭ শতাংশ অর্জন হয়ে থাকে। ২০১৩-১৪ অর্থবছরে বাংলাদেশ ১৪ দশমিক ৭৫ বিলিয়ন মার্কিন ডলার রফতানি করেছে, যা অন্য বছরের চেয়ে ১৮ দশমিক ১৬ শতাংশ বেশি। আর ২০১১-১২ অর্থবছর থেকে এখন পর্যন্ত এখানকার প্রবৃদ্ধির হার ২০ দশমিক ০৬ শতাংশ।

সেমিনারে বক্তারা ইইউর বাজারে তৈরি পোশাকসহ অন্যান্য খাতে রফতানি বাড়াতে অবকাঠামোগত উন্নয়নের ওপর জোর দেন। ইউরোপের জিএসপি সুবিধায় বাংলাদেশের বাজারকে আরো শক্তিশালী করতে শিল্প খাতে প্রযুক্তিগত উন্নয়নের পাশাপাশি শ্রমিকের দক্ষতা, নিরাপত্তা, নতুন বাজার সৃষ্টি, পণ্যের বহুমুখীকরণসহ অবকাঠামো খাতের উন্নতি দরকার বলে মনে করেন তারা।

প্রথম আলো
Date:05-09-2014 Page 15, Col 2-4 Size: 33 col*inc

## ইইউতে রপ্তানি প্রবৃদ্ধি

(২০১৪ : জানুয়ারি-মে)

| | বাংলাদেশ | পাকিস্তান |
|---|---|---|
| নিট পোশাক | ১৩.১% | ২৭.৯% |
| তৈরি পোশাক | ৮% | ২০.৪% |
| হোম টেক্সটাইল | -২.৯% | ২৬.৬% |

**ইইউতে বাংলাদেশের জিএসপি সুবিধা ব্যবহারের হার**

| | |
|---|---|
| ২০০০ | ৪৮.৬% |
| ২০০৫ | ৬৪.৭% |
| ২০১০ | ৮০.১% |
| ২০১২ | ৯৪.৩% |
| ২০১৩ | ৯৫.৭% |



২০১৪ সালের ১ জানুয়ারি থেকে ইইউর নতুন জিএসপিতে ১৫৩টি দেশ বাজারসুবিধা পাওয়ার যোগ্য বিবেচিত হলেও প্রকৃত সুবিধাভোগী হয়েছে ৮৮টি দেশ।

### জিএসপিতে নতুন প্রতিযোগী পাকিস্তান

# বাংলাদেশের ক্ষতি নেই

নিজস্ব প্রতিবেদক ●

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) এ বছরের ১ জানুয়ারি থেকে নতুন পদ্ধতিতে জিএসপি সুবিধা প্রদান করছে। এর আওতায় ইইউর বাজারে বাংলাদেশের নতুন প্রতিযোগী হিসেবে আবির্ভূত হয়েছে পাকিস্তান। এ ক্ষেত্রে তৈরি পোশাক খাত কিছুটা চাপের মুখে পড়তে পারে, তবে তা উদ্বেগজনক নয়।

বাংলাদেশের ওপর ইইউর সংশোধিত জিএসপির প্রভাব বিশ্লেষণ করে এমন উপসংহারেই পৌঁছেছে বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই)। প্রতিষ্ঠানটির পরিচালক মোস্তফা আবিদ খান গতকাল বৃহস্পতিবার ঢাকায় সিরডাপ মিলনায়তনে এক সেমিনারে এই বিশ্লেষণ তুলে ধরেন।

উল্লেখ্য, জিএসপি (জেনারেলাইজড সিস্টেম অব প্রেফারেন্স) হলো ইইউভুক্ত দেশগুলোয় শর্ত সাপেক্ষে শুল্কমুক্ত বাজার সুবিধা পাওয়ার পদ্ধতি। এই পদ্ধতিতে বাংলাদেশসহ বিভিন্ন দেশ ইইউতে শুল্কমুক্ত ও কোটামুক্তভাবে পণ্য রপ্তানি করতে পারে। তবে এখানে রুলস অব অরিজিন বা উৎসবিধির শর্ত পরিপালন করতে হয়। উৎসবিধি বলতে সাধারণত কোনো পণ্য উৎপাদনে কী পরিমাণ কাঁচামাল স্থানীয় উৎস থেকে ব্যবহার করতে হয় ও কীভাবে করতে হয়, তা বোঝানো হয়।

বিএফটিআইয়ের বিশ্লেষণ দেখায় যে চলতি বছরের প্রথম পাঁচ মাসে (জানুয়ারি-মে, ২০১৪) পোশাকসহ প্রধান পণ্যগুলোয় ইইউতে যেখানে বাংলাদেশের মোট রপ্তানি আগের বছরের একই সময়ের তুলনায় ১১ শতাংশ বেড়েছে, সেখানে এসব পণ্যে পাকিস্তানের মোট রপ্তানি বেড়েছে প্রায় ১৭ শতাংশ।

আলোচ্য সময়কালে পোশাক ও বস্ত্র খাতের মধ্যে বাংলাদেশি হোম টেক্সটাইলের রপ্তানি কমেছে ৩ শতাংশ, যেখানে পাকিস্তানের বেড়েছে প্রায় ২৭ শতাংশ। অন্যদিকে বাংলাদেশি ওভেন ও নিট পোশাক রপ্তানি যে হারে বেড়েছে, পাকিস্তানি পণ্য দুটি তার চেয়ে বেশি হারে বেড়েছে।

মোস্তফা আবিদ খান বলেন, 'মনে হচ্ছে, পাকিস্তান জিএসপির অধিকতর সদ্ব্যবহার করতে পারছে। তাই বাংলাদেশি পোশাককে আগামী দিনে আরেকটু প্রতিযোগিতার মুখে পড়তে হবে। তবে এই চাপটা অনেক বেশি হবে হোম টেক্সটাইল পণ্যে।' সাধারণত বালিশ আচ্ছাদন, বিছানার চাদরসহ ঘরে ব্যবহার্য বস্ত্রসামগ্রীকে হোম টেক্সটাইল বলে।

ইইউতে তৈরি পোশাকের প্রধান সরবরাহকারী সাত দেশের ওপর পাকিস্তানের জিএসপি সুবিধা পাওয়ার প্রভাব বিশ্লেষণ করে আবিদ দেখান যে পাকিস্তানের রপ্তানি ১০০ কোটি ডলারের মতো বাড়তে পারে। তবে পাকিস্তান যে পরিমাণ রপ্তানি করবে, তার প্রায় ৭০ শতাংশই হবে বাণিজ্য সৃষ্টির (ট্রেড ক্রিয়েশন) মাধ্যমে। এর মানে, সরাসরি পাকিস্তানি পণ্য রপ্তানি বেড়ে বাজারের আয়তন বাড়বে।

বাকি ৩০ শতাংশ হবে বাণিজ্য স্থানান্তরের (ট্রেড ডাইভারশন) মাধ্যমে। এই ৩০ শতাংশের মধ্যে বেশির ভাগই আবার চীনের ব্যবসা কমে গিয়ে পাকিস্তানের ব্যবসা বাড়বে। এ ছাড়া তুরস্ক, বাংলাদেশ, ভারত ও শ্রীলঙ্কার রপ্তানি অল্প করে কমে গিয়ে যোগ হবে পাকিস্তানের রপ্তানির সঙ্গে।

আলোচনায় অংশ নিয়ে ঢাকায় ডেলিগেশন অব দি ইউরোপীয় ইউনিয়নের বাণিজ্য উপদেষ্টা জিল্লুল হাই রাজী বলেন, বাংলাদেশের রপ্তানি বাণিজ্য তৈরি পোশাক খাত দিয়ে মোহাচ্ছন্ন। তাই বৈদেশিক বাণিজ্যনীতি পরিচালিত হয় সরকার ও বিজিএমইএর মাধ্যমে।

রপ্তানির তিন-চতুর্থাংশ জোগান দেয় বলে তৈরি পোশাক খাতের ওপর অতি নির্ভরতা দেখা দিয়েছে উল্লেখ করে রাজী বলেন, ইইউতে বাজার সুবিধার ক্ষেত্রে তৈরি পোশাকের বাইরে অন্য শিল্পপণ্যগুলোর কথা ভাবাই হয় না। অথচ ৩০ শতাংশ স্থানীয় মূল্য সংযোজনের শর্তে অনেক পণ্যই রপ্তানি করা সম্ভব। বাংলাদেশি সাইকেল যার একটি দৃষ্টান্ত।

ইইউতে ১০০ কোটি ডলারের সাইকেলের বাজারে বাংলাদেশ ক্রমেই জায়গা করে নিচ্ছে উল্লেখ করে রাজী আরও বলেন, শুধু পোশাক খাতমুখী চিন্তা থাকলে রপ্তানি পণ্য বৈচিত্র্যকরণ সম্ভব হবে না। তিনি উদাহরণ দিয়ে বলেন, ইউরোপে জুতার বিশাল বাজার রয়েছে। কঠিন উৎস বিধির কারণে বাংলাদেশি জুতা প্রস্তুতকারকেরা শুল্কমুক্ত সুবিধা কাজে লাগাতে পারছেন না। অথচ এ বিষয়ে তেমন কোনো তৎপরতা দেখা যায় না।

ইইউতে বাজার সুবিধার ক্ষেত্রে তৈরি পোশাকের বাইরে অন্য শিল্পপণ্যগুলোর কথা ভাবাই হয় না। অথচ ৩০ শতাংশ স্থানীয় মূল্য সংযোজনের শর্তে অনেক পণ্যই রপ্তানি করা সম্ভব

সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান বলেন, জিএসপি সুবিধা যেমন রাজনৈতিক, তেমনি একতরফাভাবে প্রদত্ত। কাজেই জিএসপি সংশোধনের বিষয়টিও রাজনৈতিক-অর্থনীতি দিয়ে বুঝতে হবে।

মোস্তাফিজ আরও বলেন, একটা সময় পোশাক খাতে তিন স্তরবিশিষ্ট জিএসপি দেওয়া হয়েছিল। উদ্দেশ্য ছিল শিল্পায়নকে উৎসাহিত করা। কেননা, তিন স্তরে তুলা থেকে সুতা, সুতা থেকে কাপড় এবং কাপড় থেকে পোশাক তৈরি করে রপ্তানি করতে হতো। তবে প্রতিটি উপাদানই হতে হতো স্থানীয়। পরবর্তীকালে তা কমিয়ে প্রথমে দুই স্তর এবং এরপর এক স্তরে নামিয়ে আনা হয়েছে।

সেমিনারে বাংলাদেশ তৈরি পোশাক শিল্প মালিক সমিতির সভাপতি আতিকুল ইসলাম স্বীকার করেন যে তৈরি পোশাক খাতে বেশি মনোযোগ দিতে গিয়ে রপ্তানির অন্য খাতগুলো নিয়ে সেভাবে চিন্তা করা হয়নি। এসব খাতের মধ্যে আছে চামড়া ও চামড়াজাত পণ্য, প্লাস্টিক, সিরামিক ইত্যাদি।

আতিক পোশাক খাতের কর্মপরিবেশের উন্নতি হয়েছে উল্লেখ করে বলেন, রানা প্লাজা ধসের পর ধারণা ছড়িয়ে পড়েছিল যে বাংলাদেশের পোশাক খাতের সর্বনাশ হয়েছে। কিন্তু পরবর্তী সময়ে বৈশ্বিক ক্রেতাদের জোট অ্যাকর্ড ও অ্যালায়েন্সের জরিপে প্রমাণ হয়েছে যে খুব কম কারখানাই ঝুঁকিপূর্ণ।

বিএফটিআইয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মজিবুর রহমানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনীতিবিষয়ক উপদেষ্টা মসিউর রহমান ও জ্বালানিবিষয়ক উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরী।